

2023

(Held in 2024)

BENGALI

Paper : BENAEC1012

(Applied Bengali—I)

Full Marks : 50

Pass Marks : 20

Time : 2 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো : ১×৫=৫

(ক) 'স্বল্পভাষী' শব্দের বিপরীতার্থক শব্দ হল

(i) বাচাল

(ii) তরুণ

(iii) ধনী

(iv) অজ্ঞ

(খ) 'অরণ্যে রোদন' বাগধারাটির অর্থ হল

(i) নিষ্ফল আবেদন

(ii) অমিতব্যয়ী

(iii) মহাবিপদ

(iv) নিতান্ত অলস

(গ) 'ধীরে ও সুস্থে'—এটি কোন্ সমাস?

- (i) দ্বন্দ্ব সমাস
- (ii) বহুব্রীহি সমাস
- (iii) দ্বিগু সমাস
- (iv) কর্মধারয় সমাস

(ঘ) 'অল্প বিদ্যা ভয়ঙ্করী'—এটি একটি

- (i) ভাবসম্প্রসারণ
- (ii) প্রবাদ-প্রবচন
- (iii) সমাস
- (iv) সন্ধি

(ঙ) নিম্নলিখিতগুলির মধ্যে যে পদ্ধতিটি ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে প্রযোজ্য সেটি হল

- (i) প্রদত্ত বাক্য বা চরণগুলো বার বার পড়ে তার অন্তর্নিহিত ভাবটি বুঝে নিতে হবে
- (ii) একই কথার বার বার পুনরাবৃত্তি করতে হবে
- (iii) অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা করা
- (iv) মূল বাক্যের শব্দ ভাব-সম্প্রসারণে বার বার ছবছভাবে ব্যবহার করা

২। নিম্নলিখিত যে কোনো পাঁচটা প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) 'বাগধারা' বলতে কী বোঝ, লেখো।

(খ) বিপরীতার্থক শব্দ লেখো :

প্রাচ্য; গৌণ; অধম; অবনত।

(গ) সন্ধিবিচ্ছেদ করো :

শশাঙ্ক; কথামৃত; মহোৎসব; জনৈক।

(ঘ) প্রবাদ-প্রবচন লেখো :

আলালের ঘরের দুলাল; খাল কেটে কুমির আনা।

(ঙ) দুটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ দাও।

(চ) নীচের দুটি সমোচ্চারিত শব্দের অর্থ লেখো :

আবরণ, আভরণ; অন্য, অন্ন।

(ছ) বিসর্গ সন্ধি কত প্রকার ও কী কী?

৩। নিম্নলিখিত যে কোনো পাঁচটা প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

(ক) প্রবাদ-প্রবচন বলতে কী বোঝ? যে কোনো চারটি প্রবাদ-প্রবচন প্রয়োগ করে বাক্য রচনা করো।

(খ) সন্ধি কাকে বলে? সন্ধি কত প্রকার ও কী কী? উদাহরণসহ লেখো।

(গ) 'অর্থ অনর্থের মূল'—ভাব-সম্প্রসারণ করো।

- (ঘ) বাগধারা (অর্থ লিখে বাক্য রচনা করো) :
অকাল কুম্ভাণ্ড; গোবরে পদ্মফুল; গৌরচন্দ্রিকা;
তীর্থের কাক; দক্ষযজ্ঞ।
- (ঙ) 'সুশিক্ষিত লোক মাত্রেই স্বশিক্ষিত'—ভাব-সম্প্রসারণ
করো।
- (চ) বিপরীতার্থক শব্দ বলতে কী বোঝ? ভাষায় বিপরীতার্থক
শব্দের প্রয়োজনীয়তা কতখানি, আলোচনা করো।
- (ছ) সন্ধি ও সমাসের পার্থক্য সম্পর্কে আলোচনা করো।
- (জ) কোন্ কোন্ বিষয়গুলোকে মাথায় রেখে সারাংশ রচনা
করা হয়ে থাকে, আলোচনা করো।

৪। নিম্নলিখিত যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০

- (ক) সমাস কাকে বলে? সমাসকে কয় শ্রেণিতে বিভক্ত করা
হয়েছে ও কী কী? যে কোনো দুটি সমাসের বিষয়ে
আলোচনা প্রস্তুত করো।
- (খ) “এ জগতে হয় সেই বেশী চায়, আছে যার ভূরি ভূরি,
রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।”—সারাংশ
রচনা করো।

★ ★ ★